নিকুরম্বং। অ। ক্লী। সমূহ।
নিকৃতঃ। অ। ত্রি। শঠ।
নিকৃষ্টঃ। অ। ত্রি। নিন্দিত।
নিকেতনং। অ। ক্লী। গৃহ।
নিকোচকঃ। অ। পুং। কালআকডাবৃক্ষ।
নিখিলং। অ। ত্রি। সকল।
নিগডঃ। অ। পুং ক্লী। শিকল।
নিগমঃ। অ। পুং। বাণিজ্য। নগর। বেদ। গ্রামাদি।
নিগদঃ। অ। পুং। প্রকাশিতশব্দ।
নিগ্রহঃ। অ। পুং। অনুগ্রহশূন্য।
নিগ[illegible]। অ। পুং। প্রকাশিতশব্দ।
নিগারঃ। অ। পুং। ভোজন।
নিগালঃ। অ। পুং। ঘোটকেরগলা।
নিঘঃ। অ। পুং। চারিদিকেসমানছিদ্র।
নিঘ্নঃ। অ। পুং। আয়ত্ত।

নিঘসঃ । অ । পুং । [illegible]ন ।

নিচুলঃ । অ । পুং । হিজ্জলবৃক্ষ ।

নিচোলঃ । অ । পুং । পাছুড়ীশীতবস্ত্র ।

নিজঃ । অ । ত্রি । আত্মীয় । নিত্য ।

নিতম্বঃ । অ । পুং । স্ত্রীলোকেরপাছা ।

নিত্যঃ । অ । ত্রি । নাশরহিত । অবশ্যকর্ত্তব্য ।

নিতান্তং । অ । ক্লী । একান্ত ।

নিদ্রা । আ । স্ত্রী । শয়ন ।

নিদ্রাণঃ । অ । ত্রি । নিদ্রাপ্রাপ্ত ।

নিদ্রালুঃ । উ । ত্রি । নিদ্রাশীল ।

নিদাঘঃ । অ । পুং । গ্রীষ্ম । ঘর্ম্ম ।

নিদানং । অ । ক্লী । আদিকারণ । বৈদ্যকশাস্ত্রবিশেষ ।

নিদিগ্ধং । অ । ত্রি । লেপনাদিদ্বারাপরিস্কৃত ।

নিদিগ্ধিকা । আ । স্ত্রী । কণ্টকারীবৃক্ষ ।

নিদেশঃ । অ । পুং । আজ্ঞা ।

নিধনং । অ । ক্লী । কুল । নাশ ।

নিধ্যানং । অ । ক্লী । দর্শন ।

নিধিঃ । ই । পুং । ধন ।

নিনদঃ । অ। পুং । শব্দমাত্র।
নিন্দা । আ। স্ত্রী । অপবাদ।
নিনাদঃ । অ। পুং । শব্দমাত্র।
নিপঃ । অ। পুং । কলসী।
নিপঠঃ । অ। পুং । অধ্যয়ন অর্থাৎ পাঠ।
নিপাঠঃ । অ। পুং । অধ্যয়ন অর্থাৎ পাঠ।
নিপাতনং । অ। ক্লী । অধআনয়ন।
নিপানং । অ। ক্লী । পুষ্করিণী আদির নিকট গবাদির পানার্থজলাশয়।
নিপুনঃ । অ। ত্রি । প্রবীণ।
নিভিঃ । ই। পুং । পদেরউত্তরথাকিলেতুল্যবোধহয়।
নিভৃতঃ । অ। ত্রি । বিনয়বিশিষ্ট।
নিম্নঃ । অ। ত্রি । গভীর।
নিম্নগা । আ। স্ত্রী । নদী।
নিম্বঃ । অ। পুং । নিমবৃক্ষ।
নিম্বতরুঃ । উ। পুং । পালিতামাদারবৃক্ষ।
নিমিত্তং । অ। ক্লী । কারণ। চিহ্ন।
নিমেষঃ । অ। পুং । সুস্থব্যক্তির চক্ষুরপলক।
নিয়তিঃ । ই। স্ত্রী । শুভাশুভকর্ম্ম।

নিয়ন্তা । ঋ । পুং । সারথি ।
নিয়মঃ । অ । পুং । স্বীকার । পরীবর্ত্ত । শাস্ত্র বিহিত মন্ত্রণা ।
নিয়ামকঃ । অ । পুং । দাঁড়ী ।
নিযুদ্ধং । অ । ক্লী । বাহুযুদ্ধ ।
নিযোজ্যঃ । অ । পুং । ভৃত্য ।
নিগ্রহণং । অ । ক্লী । মারণ অর্থাৎ প্রাণনাশকরা ।
নির্গলঃ । অ । ত্রি । অনিবারিত ।
নির্গুণ্ডীঃ । ঈ । স্ত্রী । নিসিন্দাবৃক্ষ । নীলশেফালিকা ।
নির্ঘোষঃ । অ । পুং । শব্দমাত্র ।
নির্জ্জরঃ । অ । পুং । দেবতা ।
নির্ঝরঃ । অ । পুং । পর্ব্বতেরজলপ্রবাহ ।
নিরর্থকং । অ । ত্রি । ব্যর্থ ।
নিরন্তরঃ । অ । স্ত্রী । সর্ব্বদা ।
নির্ণয়ঃ । অ । পুং । নিশ্চয় ।
নির্ণক্তং । অ । ত্রি । কৃতনির্ম্মল ।
নির্ণেজকঃ । অ । পুং । ধোবাজাতিবিশেষ ।
নির্ভরং । অ । ক্লী । অতিশয় ।
নির্ম্মদঃ । অ । পুং । মত্ততাশূন্যহস্তী ।

নির্মুক্তঃ । অ । পুং । খোলসত্যাগকর সর্প।
নির্মোকঃ । অ । পুং । সর্পেরখোলস।
নিরয়ঃ । অ । পুং । নরক।
নিরবগ্রহঃ । অ । ত্রি । স্বাধীন।
নির্যাতনং । অ । শত্রুরসমতা। ত্যাগ। পরিশোধ।
নির্যূহঃ । অ । পুং । ক্বাথ অর্থাৎ দ্রব্যাদিররস।
দ্বারভিত্তিস্থকীলক অর্থাৎ দেওয়ালের খোঁটা
বিশেষ।
নির্ব্বপণং । অ । ক্লী । দান।
নির্ব্যথনং । অ । ক্লী ছিদ্র।
নির্ব্বর্ণনং । অ । ক্লী । দর্শন।
নির্ব্বহণং । অ । ক্লী । নৃত্যবিষয়েপঞ্চমসন্ধান।
নির্ব্বাতঃ । অ । ত্রি । গতবায়ু।
নির্ব্বাদঃ । অ । পুং । লোকাপবাদ।
নির্ব্বাণঃ । অ । ত্রি । দীপ্তিশূন্যঅগ্নিআদি। মোক্ষ
প্রাপ্ত। ক্লী। মোক্ষ।
নির্ব্বাণনং । অ । ক্লী । মারণ অর্থাৎ প্রাণনাশকরা।
নির্ব্বাপনং । অ । ক্লী । মারণ অর্থাৎ প্রাণনাশকরা।
নির্ব্বার্য্যঃ । অ । ত্রি । স্বীয়বলক্রমে উদ্যোগপূর্ব্বক

নিবাব

কর্ম্মকর্ত্তা।

নিবৃত্তঃ। অ। পুং। কর্ম্মমূল্য। নানাদ্রব্যভোজন।

নিবৃত্তঃ। অ। ত্রি। সিদ্ধি।

নিরস্তঃ। অ। ত্রি। প্রহারিতবাণ। ক্ষান্ত। শীঘ্র উচ্চারিতবাক্য।

নিরসনং। অ। ক্লী। নিরাকরণ।

নির্হারঃ। অ। পুং। অস্থিআদি উৎপাটন।

নির্হারিঃ। ই। ত্রি। আমোদ।

নির্দ্রদঃ। অ। পুং। শব্দমাত্র।

নিরাকরিষ্ণুঃ। উ। ত্রি। বারণকরণশীল।

নিরাকৃতিঃ। ই। স্ত্রী। নিরাকরণ। অনধ্যায়।

নিরাময়ঃ। অ। ত্রি। রোগরহিত।

নিঋতিঃ। ই। স্ত্রী। অলক্ষ্মী।

নিলয়ঃ। অ। পুং। গৃহ।

নিবন্ধনং। অ। ক্লী। বীণারতন্ত্রবন্ধনকাষ্ঠ।

নিবুং। অ। ক্লী। চালেরসাঁইচ।

নিবর্হণং। অ। ক্লী। মারণ অর্থাৎ আঘাৎকরা।

নিবহঃ। অ। পুং। সমূহ।

নিবাকঃ। অ। পুং। মাহার্ঘ।

নিবাতঃ । অ । ত্রি । নিবাস । বায়ু শূন্য । অভেদ্যকবচ ।

নিবাদঃ । অ । পুং । নিন্দা ।

নিবাপঃ । অ । পুং । মৃতব্যক্তিরউদ্দেশেদান ।

নিবীত । । ক্লী । উড়নীআদিবস্ত্র । মালাকার বস্ত্রধারণ ।

নিবীশং । অ । ক্লী । লাঙ্গলেরমুঠা ।

নিবৃতং । অ । ত্রি । খাতাদিদ্বারাবেষ্টিত ।

নিবেশঃ । অ । পুং । সৈন্যেরবাসস্থান ।

নিশ্চয়ঃ । অ । পুং । স্থির ।

নিশ্রাবঃ । অ । পুং । অন্নেরমণ্ড অর্থাৎ ফেন ।

নিঃশলাকঃ । অ । পুং । নির্জনস্থান ।

নিশা । আ । স্ত্রী । রাত্রি ।

নিশাপতিঃ । ই । পুং । চন্দ্র ।

নিশান্তং । অ । ক্লী । গৃহ ।

নিশারণং । অ । ক্লী । মারণ ।

নিশাহ্বা । আ । স্ত্রী । হরিদ্রা ।

নিশিতং । অ । ত্রি । তীক্ষ্ণকৃত অর্থাৎ শানিত ।

নিশীথঃ । অ । পুং । অর্দ্ধরাত্রি ।

নিশীথিনী । ঈ । স্ত্রী । রাত্রি ।

নিঁশদ্র

নিশ্রেণিঃ। ই। ত্রি। ক ৪নি। তসোপান অর্থাৎ সিড়ী।

নিশ্রেয়ঃ। অ। ক্লী। মোক্ষ।

নিঃশেষং। অ। ক্লী। সকল।

নিশোধ্যং। অ। ত্রি। কৃতনির্মল।

নিষ্কঃ। অ। পুং ক্লী। সুবর্ণ। একশত অষ্ট তোলাস্বর্ণ। বক্ষস্থলের অলঙ্কার। টাকা।

নিষ্কাশিতঃ। অ। ত্রি। কুৎসিতব্যক্তি।

নিষ্ঠা। আ। স্ত্রী। নৃত্যবিষয়ে পঞ্চমসন্ধান। নিষ্পত্তি। দর্শন। ধ্বংস।

নিষ্ঠানং। অ। ক্লী। ব্যঞ্জন।

নিষ্ঠীবনং। অ। ক্লী পুং। শ্লেষ্মাদিত্যাগ।

নিষ্ঠুরঃ। অ। ত্রি। কঠিন। কর্কশবাক্য।

নিষ্ঠূতঃ। অ। ত্রি। প্রেরিত।

নিষ্ণুমঃ। অ। পুং। বুদ্ধিরশক্তি অর্থাৎ সুশ্রূষাগ্রহণ। শ্রবনধারণাদি। সংস্কারবিশেষ। বহির্ভূতহওয়া।

নিষ্ঠূতিঃ। ঈ। পুং ক্লী। শ্লেষ্মাদিত্যাগ।

নিষ্ঠেবং। অ। পুং ক্লী। শ্লেষ্মাদিত্যাগ।

নিষ্ঠেবনং। অ। পুং ক্লী। শ্লেষ্মাদিত্যাগ।

নিশদ্রঃ। অ। পুং। কর্দম।

নিষধঃ । অ। পু । পর্ব্বতবিশেষ।

নিষন্দী । ন। ত্রি । ধানকী।

নিষ্ণাতঃ । অ। ত্রি । প্রবীণ।

নিষ্পন্নঃ । অ। ত্রি । সিদ্ধি।

নিষ্প্রভঃ । অ। ত্রি । দীপ্তিরহিত।

নিষ্প্রবাণং । অ। ত্রি । নূতনবস্ত্র।

নিষ্পাবঃ । অ। পু । ধান্যাদিতুষশূন্যকরা।

নিষাদঃ । অ। পু । বীণা কিম্বা কণ্ঠ হইতে উদ্ভব হয় যেস্বর অর্থাৎ হস্তীরন্যায়স্বর। চণ্ডাল।

নিষাদী । ন। পুং । হস্তীপালক অর্থাৎ মাহত।

নিষ্কলা। আ। স্ত্রী । রজোনিবৃত্তি হইয়াছে যেস্ত্রীর।

নিষ্কুটঃ । অ। পুং । বাটীর নিকট কৃত্রিমবন।

নিষ্কুটিঃ । ই। স্ত্রী । এলাইচবৃক্ষ।

নিষ্কুহঃ । অ। পুং । কোটর।

নিষঙ্গঃ । অ। পুং । তূণ।

নিস্তলং । অ। ত্রি । গোলআকার।

নিষ্পক্কং । অ। ত্রি । অতিশয়পক্কতৈলাদি।

নিস্তর্হণং । অ। স্ত্রী । মারণ অর্থাৎ প্রাণনাশকরা।

নিষ্কলা। আ। স্ত্রী । রজোনিবৃত্তি হইয়াছে যেস্ত্রীর।

নিস্ত্রিংশঃ । অ । পুং । খড়্গ ।

নিস্বনঃ । অ । পুং । শব্দমাত্র ।

নিস্বর্গঃ । অ । পুং । সভা ।

নিস্বরণং । অ । ক্লী । গৃহদ্বার ।

নিস্বস্তঃ । অ । ত্রি । দরিদ্র ।

নিস্বানঃ । অ । পুং । শব্দমাত্র ।

নিসূদনং । অ । ক্লী । মারণ ।

নিসৃষ্টং । অ । ত্রি । স্থাপিত ।

নিহকঃ । অ । পুং । জলগুঁই ইতি খ্যাত ।

নিহননং । অ । ক্লী । প্রাণনাশকরা ।

নিহ্নবঃ । অ । পুং । অপলাপ । বিশ্বাস । ফাকী ।

নিহিংসনং । অ । ক্লী । প্রাণ নাশকরা ।

নিহীনঃ । অ । পুং । নীচ ।

নীকাশঃ । অ । পুং । পদের উত্তরে থাকিলে তুল্য বোধ হয় ।

নীচঃ । অ । ত্রি । বাউন্যা । অধম ।

নীড়ঃ । অ । পুং ক্লী । পক্ষীরবাসা ।

নীড়োদ্ভবঃ । অ । পুং । পক্ষী ।

নীরং । অ । ক্লী । জল ।

নীল° । অ । ত্রি । কৃষ্ণবর্ণ ।

নীলকণ্ঠঃ । অ । পুং । মহাদেব । ময়ূর ।

নীললোহিতঃ । অ । পুং । মহাদেব ।

নীলা । অ । স্ত্রী । মাচী । কৃষ্ণঝাঁটীবৃক্ষ ।

নীলাঙ্গুঃ । উ । পুং । কীট অর্থাৎ পোকা ।

নীলাম্বরঃ । অ । পুং । বলরাম ।

নীলাম্বুজন্ম । ন । স্ত্রী । নীলোৎপল ।

নীলিকা । আ । স্ত্রী । নীলশেফালিকা ।

নীলিনী । ঈ । স্ত্রী । ওষধিবৃক্ষবিশেষ ।

নীলী । ঈ । স্ত্রী । ওষধিবৃক্ষবিশেষ ।

নীবারঃ । অ । পুং । উড়িধান্য ।

নীবী । অ । স্ত্রী । স্ত্রীলোকের কটীদেশেরবস্ত্র বন্ধন । মূলধন অর্থাৎ পুঁজি । বাণিজ্যের মূলধন ।

নীবৃৎ । ৎ । স্ত্রী । গঙ্গালাদিদেশ ।

নীশারঃ । অ । পুং । কানাৎ অর্থাৎ হিম ও বায়ু নিবারণার্থবস্ত্র ।

নীসারঃ । অ । পুং । কানাৎ অর্থাৎ হিম ও বায়ু নিবারণার্থবস্ত্র ।

নীহারঃ । অ । পুং । হিম ।

নু । উ। অ । বিতর্ক । সম্বোধন।

নুত্তঃ । অ। ত্রি । প্রেরিত।

নুতিঃ । ই। স্ত্রী । স্তব।

নুন্নঃ । অ। ত্রি । প্রেরিত।

নুত্নঃ । অ। ত্রি । নূতন।

নূতনঃ । অ। ত্রি । নবীন।

নূনঃ । অ। ত্রি । ছেদকরা। অল্পনিন্দনীয়।

নূনং । অ। অ। তর্ক । নিশ্চয়। স্মরণ। পাদপূরণ।

নূপুরঃ । অ। পুং ক্লী । স্বনামখ্যাত পায়েররবযুক্ত অলঙ্কারবিশেষ।

নৃত্যং । অ। ক্লী । নাচ।

নৃপঃ । অ। পুং । রাজা।

নৃপলক্ষ্ম । ন। ত্রি । রাজছত্র।

নৃপাসনং । অ। ক্লী । রাজার আসন।

নৃশংসঃ । অ। ত্রি । পরমন্দকারী।

নেত্রং । অ। ক্লী । চক্ষু। বৃক্ষমূল। বস্ত্রবিশেষ। গুণ। তিন।

নেত্রাম্বু । উ। ক্লী । চক্ষুরজল।

নেতা । ঋ। ত্রি । স্বামী।

নেদিষ্ঠং । অ। ত্রি । অতিনিকট।

নেপথ্যং । অ। ক্লী । বেশভূষা। গৃহ।

নেমিঃ । ই। স্ত্রী । চক্রের অন্তভাগ। কূপেরপ্রান্তভাগ।

নেমী । ঈ। স্ত্রী । চক্রেরঅন্তভাগ। তিনাশবৃক্ষ।

নৈকভেদং । অ। ত্রি । নানাপ্রকার।

নৈগমঃ । অ। পুং । বণিক। নগরোদ্ভব।

নৈচিকী । ঈ। স্ত্রী । উত্তমাগরু।

নৈমেয়ঃ । অ। পুং । পরীবর্ত্ত।

নৈষ্কিকঃ । অ। পুং । রৌপ্যবিষয়েনিযুক্ত।

নৈস্ত্রিংশিকঃ । অ। ত্রি । অসিপ্রহারবিশিষ্ট।

নৈঋতঃ । অ। পুং । দক্ষিণ পশ্চিমকোণের অধিপতি।

নৌঃ । ঔ। স্ত্রী । নৌকা।

নৌকা । আ। স্ত্রী । তরী।

নৌকাদণ্ডঃ । অ। পুং । লগী।

প

পঃ । অ। পুং । পবন।

পক্কং । অ। ত্রি । পাকা। সর্ব্বপ্রকারেনত।

পক্কণঃ । অ। পুং । ম্লেচ্ছেরগৃহ।

পঞ্চশ

পঙ্কঃ ।অ। পুং ক্লী ।কর্দম।পাপ।

পঙ্ক্তি।ই।স্ত্রী।দশাক্ষরছন্দ।দশসংখ্যাদি।পাঁতি।

পঙ্কিলঃ ।অ। ত্রি ।কর্দমযুক্তদেশ।

পঙ্কেরুহং ।অ। ক্লী ।পদ্ম।

পঙ্গুঃ ।উ। পুং ।চলতশক্তিরহিতব্যক্তি।

পচম্পচা ।আ। স্ত্রী ।দারুহরিদ্রা।

পচা ।আ। স্ত্রী ।রন্ধন।

পঞ্চজনঃ ।অ। পুং ।মানুষ।

পঞ্চতা ।আ। স্ত্রী ।মরণ।

পঞ্চদশী ।ঈ। স্ত্রী ।আমাবস্যা পূর্ণিমা।

পঞ্চমঃ ।অ। পুং ।কণ্ঠ কিম্বা বীণারশব্দ হইতে হয় যে শব্দ অর্থাৎ কোকিলেরন্যায়স্বর। পাঁচ।

পঞ্চমহাযজ্ঞঃ ।অ। পুং ।পঞ্চযজ্ঞ।

পঞ্চযজ্ঞঃ ।অ। পুং ।ব্রহ্মযজ্ঞ অর্থাৎ অধ্যাপন।১।পিতৃযজ্ঞ অর্থাৎ তর্পণ।২।দেবযজ্ঞ অর্থাৎ হোম।৩।ভূতযজ্ঞ অর্থাৎ বলিবস্য।৪। নৃযজ্ঞ অর্থাৎ অতিতিপূজা।৫।

পঞ্চলক্ষণং ।অ। ক্লী ।মৎস্যপুরাণাদি।

পঞ্চশরঃ ।অ। পুং ।মদন।

পঞ্চশাখঃ । অ। পুং । হস্ত অর্থাৎ চাটুয়া।

পঞ্চাঙ্গুলঃ । অ। পুং । ভেরাণ্ডাবৃক্ষ।

পঞ্চাস্যঃ । অ। পুং । সিংহ। শিব।

পটঃ । অ। পুং ক্লী । উত্তমবস্ত্র।

পটচ্চরং । অ। ক্লী । পুরাতনবস্ত্র।

পটলং । অ। ক্লী। গৃহেরচাল। ঘরেরপাড়ি। নেত্ররোগ। ফলবিশেষ। পুং স্ত্রী। সমূহ।

পটবাসকঃ । অ। পুং । আবীর।

পটহঃ । অ। পুং । যুদ্ধেঢাকেরশব্দ।

পট্টিকাক্ষঃ । অ। পুং । লোধকাষ্ঠ।

পট্টী। ন। পুং। লোধকাষ্ঠ।

পটুঃ। উ। ত্রি। চতুর। তীক্ষ্ণ। নীরোগ। পল্তা।

পটুপর্ণী । ঈ। স্ত্রী। স্বর্ণক্ষীরীবৃক্ষ।

পটোলঃ । অ। পুং । পল্তা।

পটোলিকা । আ। স্ত্রী । ঝিঙ্গাবৃক্ষ।

পণঃ । অ। পুং । মূল্য। পাশাক্রীড়া। একতোলা তাম্র অর্থাৎ পয়সা। কুড়িগণ্ডা। ধন। বেতন অর্থাৎ মাহিনা।

পণ্ডঃ। অ। পুং । নপুংসক।

পণ্যং । অ। ত্রি । বিক্রীতদ্রব্য।

পণ্যা । আ। স্ত্রী । নফট্টীবৃক্ষ।

পণ্যাজীবঃ । অ। পুং । বণিক।

পণবঃ । অ। পুং । বাদ্যবিশেষ।

পণায়িতং । অ। ত্রি । স্তব।

পণ্ডিতঃ । অ। পুং । বিদ্বান অর্থাৎ বেদদ্বারাউজ্জ্বল বুদ্ধি যাহার।

পণিতং । অ। ত্রি । স্তব।

পণিতব্যং । অ। ত্রি । বিক্রীতদ্রব্য।

পৎ । দ। পুং । চরণ অর্থাৎ পা।

পতগঃ । অ। পুং । পক্ষী।

পতঙ্গঃ । অ। পুং । পক্ষী। সূর্য্য। ফড়িং।

পতঙ্গিকা । আ। স্ত্রী । ক্ষুদ্রমাচী।

পতৎ । ৎ। পুং । পক্ষী।

পত্তনং । অ। ক্লী । ভূম্যাদি।

পতত্রং । অ। ক্লী। পালক। পাতা।

পতত্রিঃ । ই। পুং । পক্ষী।

পতত্রী । ন। পুং । পক্ষী।

পতদ্গ্রহঃ । অ। পুং । ডাবর অর্থাৎ পিকদান।

পতাকা।

পত্নী। ঈ। স্ত্রী। বিবাহিতাস্ত্রী।

পতত্ত্রী। ন। পুং। রোগবিশেষ।

পতয়ালুঃ। উ। ত্রি। পতনশীল।

পত্রং। অ। ক্লী। অশ্বাদি। পাতা। শর। পক্ষী।

বাহন। পালক।

পত্রপরশুঃ। উ। পুং। স্বর্ণাদিছেদনের অস্ত্রবিশেষ

ছেনি ইতি খ্যাত।

পত্রপাস্যা। আ। স্ত্রী সোনারসিঁতী।

পত্ররথঃ। অ। পুং। পক্ষী।

পত্রলেখা। আ। স্ত্রী। স্তন কিম্বা গণ্ডদেশ কস্তুরী

দ্বারাকৃত চিত্রবিশেষ।

পত্রাঙ্গং। অ। ক্লী। রক্তচন্দন।

পত্রাঙ্গুলিঃ। ই। পুং স্ত্রী। পত্রলেখা শব্দেরসমানার্থ।

পত্রাঞ্জনং। অ। ক্লী। পত্রলেখা শব্দেরসমানার্থ।

পত্রিণঃ। অ। পুং। বাণ। শিকরাপক্ষী।

পত্রী। ন। পুং। বাণ। শিকরাপক্ষী। পক্ষী।

পত্রোর্ণং। অ। ক্লী। ধৌতকৃমিদ্বারা হয় যে

বস্ত্র। শোনাবৃক্ষ।

পতাকা। আ। স্ত্রী। ধ্বজা।

পতাকী ।ন। ত্রি ।পতাকাধারী।

পতিঃ ।ই। পুং ।স্বামী।

পত্তিঃ ।ই। পুং স্ত্রী ।গতি।গৌর ব।পদাতি।
১একহস্তী ১একরথ ৩ ঘোটক ৫ পাঁচ পদাতি।

পত্তিসংহতি ।ই। পুং ।পদাতিসমূহ।

পতিম্বরা ।আ। স্ত্রী ।স্বয়ম্বরাস্ত্রী।

পতিবত্নী ।ঈ। স্ত্রী ।সধবাস্ত্রী।

পতিব্রতা ।আ। স্ত্রী ।সতীস্ত্রী অর্থাৎ পতির
সুখেসুখী পতিরবিচ্ছেদে মলিনাক্ষীণা হয় এবং
মরিলেমরে।

পথিকঃ ।অ। পুং ।পথিকব্যক্তি।

পদং ।অ। ক্লী।চরণ।ব্যবসা।রক্ষা।স্থান।চিহ্ন।

পদ্গঃ ।অ। পুং ।পদাতি।

পদগঃ ।অ। পুং ।পাদাতি।

পদ্মং ।অ। ক্লীপুং ।কমল।ধনবিশেষ।

পদ্মকং ।অ। ক্লী ।হস্তীরমস্তকেরবিন্দু।

পদ্মচারিণী ।ঈ। স্ত্রী ।গন্ধদ্রব্যবিশেষ।

পদ্মনাভঃ ।অ। পুং ।নারায়ণ।

পদ্মপত্রং ।অ। ক্লী ।গন্ধদ্রব্যবিশেষ।

পদ্মরাগঃ । অ। পুং । মণিবিশেষ।

পদ্মা । আ। স্ত্রী । লক্ষ্মী । পদ্মচারিণী গন্ধদ্রব্য। নদীবিশেষ । বামনহাটাবৃক্ষ ।

পদ্মাকরঃ । অ। পুং । যাহাতেপদ্মজন্মে ।

পদ্মাটঃ । অ। পুং । দাদি মর্দনবৃক্ষ।

পদ্মালয়া । আ। স্ত্রী । লক্ষ্মী।

পদ্মিনী । ঈ। স্ত্রী । পদ্মযুক্তদেশ। পদ্মসমূহ।

পদ্মী । ন। পুং । হস্তী।

পদ্যা । আ। স্ত্রী । পথ।

পদকী । ঈ। স্ত্রী । পথ।

পদাজয়ঃ । অ। পুং । পদাতি।

পদাতিঃ । ই। পুং । পদব্রজেগমন করে যে সেনা।

পদাতিকঃ । অ। পুং । পদাতি।

পদ্ধতিঃ । ই। স্ত্রী । পথ।

পন্থাঃ । ইন। পুং । পথ।

পন্ন । অ। ত্রি । ইত্যাদি হইতে পতিত।

পন্নগঃ । অ। পুং । সর্প।

পন্নগাশনঃ । অ। পুং । গরুড।

পনসঃ । অ। পুং । কাঁঠালবৃক্ষ।

পনায়িতং । অ । ত্রি । স্তব ।

পনিতং । অ । ত্রি । স্তব ।

পয়ঃ । স । ক্লী । জল । দুগ্ধ ।

পায়স্যং । অ । ক্লী । দুগ্ধের বিকার অর্থাৎ দধিআদি ।

পয়োধরঃ । অ । পুং । মেঘ । স্ত্রীলোকেরস্তন । নারিকেল ।

পরঃ । অ । পুং । উত্তম । দূর । শত্রু । আত্মভিন্ন ।

পর্কটী । ঈ । স্ত্রী । পাকুড়বৃক্ষ ।

প্রক্রমঃ । অ । পুং । প্রথমআরম্ভ ।

প্রক্বানঃ । অ । পুং । বীণারশব্দ ।

প্রকাণ্ডঃ । অ । পুং ক্লী । বৃক্ষেরগুঁড়ী । প্রশস্ত ।

প্রকামং । অ । ক্লী । স্বচ্ছন্দপ্রবৃত্তি ।

প্রকারঃ । অ । পুং । নানাবিধ । বিশেষ । সাদৃশ্য ।

প্রকাশঃ । অ । ত্রি । প্রসিদ্ধ । রৌদ্র । হাস্য ।

প্রক্রিয়া । আ । স্ত্রী । রাজাআদির চামরব্যজন ।

প্রকীর্য্যঃ । অ । পুং । নাটাবৃক্ষ ।

প্রকীর্ণং । অ । ক্লী । চামর ।

প্রকৃতিঃ । ই । স্ত্রী । স্বভাব । স্বামী । অমাত্য । সুহৃৎ । ভাণ্ডার । দেশ । বল । দুর্গ । পুরবাসির

প্রচর

...ঙ্গল। যোনি। লিঙ্গ অর্থাৎ স্ত্রীলিঙ্গাদি। সত্ত্ব
তমোর রজ গুণ ...তা।

প্রকোষ্ঠঃ। অ। পুং। কনুযের অধ অবধি অঙ্গুলির
মূলপর্য্যন্ত।

প্রগণ্ডঃ। অ। পুং। স্কন্ধঅবধিকনুইপর্য্যন্ত।

প্রগতজানুঃ। উ। পুং। ভাঙ্গুডাপুরুষ।

প্রগ্রহঃ। অ। পুং। দুর্গন্ধযুক্ত মনুষ্যাদি। তুলাসূত্র
অর্থাৎ তরাজু। বৃক্ষবিশেষ। কিরণ। চাবুক।

প্রগ্রাহঃ। অ। পুং। তুলাসূত্র অর্থাৎ তরাজু।
কিরণ। বৃক্ষবিশেষ। চাবুক।

প্রগল্ভঃ। অ। ত্রি। দীপ্তিসদৃশ দীপ্তযুক্ত।

প্রগাঢং। অ। ক্লী। দৃঢ। কৃচ্ছ্র।

প্রগুণঃ। অ। ত্রি। সকল।

প্রঘনঃ। অ। পুং। আলিসা।

প্রঘানঃ। অ। পুং। আলিসা।

প্রচক্রং। অ। ক্লী। চলিত সৈন্য।

প্রচলাকী। ন। পুং। ময়ূর।

প্রচলায়িতঃ। অ। ত্রি। নিদ্রাদিতে ঘুর্ণিত।

প্রচুরঃ। অ। ত্রি। অধিক।

প্রচেতাঃ । স। পুং । বরুণ।

প্রচোদনী । ঈ। স্ত্রী । কণ্টকারি[illegible]।

প্রচ্ছন্নং । অ। ক্লী । গৃহেরমধ্যদ্বার।

প্রচ্ছর্দিকা । আ। স্ত্রী । ছর্দি অর্থাৎ ব মি।

প্রজ্ঞা । আ। স্ত্রী । পণ্ডিতাস্ত্রী।

প্রজ্ঞানং । অ। ক্লী । বুদ্ধি। চিন্তা।

প্রজ্ঞুঃ । উ। পুং । ভাঙ্গুড়াপুরুষ।

প্রজনঃ । অ। পুং । গরুআদিরগর্ভ গ্রহণকরা। ক্লী। পাঁচনবাড়ী।

প্রর্জনী । ঈ। স্ত্রী । দারুহরিদ্রা।

প্রজবী । ন। ত্রি । বেগযুক্তব্যক্তি।

প্রজা । আ। স্ত্রী । সন্ততি। জন।

প্রজাতঃ । অ। পুং । পরান্নদ্বারাবর্দ্ধিত। ভৃত্য।

প্রজাতা । আ। স্ত্রী । অচিরপ্রসূতাস্ত্রী।

প্রজাপতিঃ । ই। পুং । ব্রহ্মা।

প্রজাবতী । ঈ। স্ত্রী । ভ্রাতারস্ত্রী অর্থাৎ ভাজি।

প্রডীনং । অ। ক্লী । পক্ষীরগতিবিশেষ।

প্রর্ণ । অ। পুং । পলাশবৃক্ষ। পাতা।

প্রণয়ঃ । অ। পুং । পরিচয়। বিশ্বাস। যাচিঞা। প্রেম।

প্রত্যয়

প্রবঃ। অ। পুং। ওঁ অর্থাৎ বৃক্ষ।

পর্ণশালা। আ। স্ত্রী। মুনিরঘর।

প্রণাদঃ। অ। পুং। অনুরাগ।

প্রণালী। ঈ। স্ত্রী। দেবতারস্থানেরজল যাইবারপথ।

পর্ণাসঃ। অ। পুং। তুলসী।

প্রণিধিঃ। ই। পুং। চর। কুপুরুষ। প্রার্থনা।

প্রণিহিতং। অ। ত্রি। প্রাপ্ত।

প্রণীতং। অ। ত্রি। পাককরামাংসাদি। সংস্কৃত অগ্নি।

প্রণেয়ঃ। অ। ত্রি। বশতাপন্ন।

প্রত্নঃ। অ। ত্রি। পুরাতন।

প্রতনঃ। অ। ত্রি। পুরাতন।

পরতন্ত্র। অ। ত্রি। পরাধীন।

প্রত্যক্পর্ণী। ঈ। স্ত্রী। আপাংবৃক্ষ।

প্রত্যক্শ্রেণী। ঈ। স্ত্রী। দন্তিমূলবৃক্ষ। ইন্দুরকানীবৃক্ষ।

প্রত্যগ্রঃ। অ। ত্রি। নূতন।

প্রত্যর্থী। ন। পুং। শত্রু।

প্রত্যন্তঃ। অ। পুং। ম্লেচ্ছদেশ।

প্রত্যয়ঃ। অ। পুং। আয়ত্ত। দিব্য। জ্ঞান। হেতু।

বিশ্বাস। ছিদ্র। শব্দ।

প্রত্যয়িতঃ। অ। ত্রি। আত্মীয়।

প্রত্যবসিতঃ। অ। ত্রি। ভক্ষ

প্রত্যক্ষঃ। অ। ত্রি। চক্ষুরাদিগ্রাহ্য।

প্রত্যাখ্যানং। অ। ক্লী। নিরাকরণ।

প্রত্যাদেশঃ। অ। পুং। নিরাকরণ। অনুমতি।

প্রত্যালীঢং। অ। ক্লী। ধানুকীর বামপাদ অগ্রে আর দক্ষিণপাদ পশ্চাৎ করা।

প্রত্যাসারঃ। অ। ত্রি। ব্যূহেরপশ্চাৎ।

প্রত্যাহারঃ। অ। পুং। যোগবিশেষ অর্থাৎ বিষয় হইতে ইন্দ্রিয় আকর্ষণ।

প্রত্যুৎক্রমঃ। অ। পুং। যুদ্ধার্থবিক্রম।

প্রত্যুষস্। অ। ক্লী। প্রাতঃকাল।

প্রত্যূষঃ। অ। পুং। প্রাতঃকাল।

প্রত্যূহঃ। অ। পুং। বিঘ্ন।

পরতরঃ। অ। পুং। অনুপকারী।

প্রতল। অ। পুং। চড।

প্রতাপঃ। অ। পুং। ভাণ্ডার আর দণ্ডেদ্বারা জন্মিয়াছে যে তেজ।

প্রতাপসঃ। অ। পুং। শ্বেতআকন্দ।

প্রতি । ই । অ । প্রতিনিধি । লক্ষাদি । প্রত্যেক ।

প্রতিকারঃ । অ । পুং । অহিতকারির অপকার ।

প্রতিকর্ম্ম । ন । ক্লী । বেশভূষা ।

প্রতিকাশঃ । অ । পুং । পদের উত্তরে থাকিলে তুল্য বোধ হয় ।

প্রতিকূলঃ । অ । ত্রি । বিমুখ ।

প্রতিকৃতিঃ । ই । স্ত্রী । আভা । মৃত্তিকাদিরপ্রতিমা ।

প্রতিকৃষ্টঃ । অ । ত্রি । নিন্দিত ।

প্রতিখ্যাতিঃ । ই । স্ত্রী পুং । অতিশয়খ্যাতি ।

প্রতিগ্রাহঃ । অ । পুং । ডাবর অর্থাৎ পিকদান ।

প্রতিঘঃ । অ । পুং । ক্রোধ ।

প্রতিছায়া । আ । স্ত্রী । মৃত্তিকাদি প্রতিমা । আভা ।

প্রতিজ্ঞা । আ । স্ত্রী । অঙ্গীকার ।

প্রতিজ্ঞাতং । অ । ক্লী । অঙ্গীকার ।

প্রতিজ্ঞানং । অ । ক্লী । অঙ্গীকার ।

প্রতিজাগরঃ । অ । পুং । রক্ষার্থজাগরণেরপ্রতিনিধি ।

প্রতিদানং । অ । ক্লী । পরীবর্ত্ত । স্থাপ্যধন অর্পণকরা ।

প্রতিধ্বনিঃ । ই । পুং । শব্দানুযায়িশব্দ ।

প্রতিধ্বানঃ । অ । পুং । প্রতিধ্বনি ।

প্রতিনিধিঃ । ই। পুং । আভা। মৃত্তিকাদির প্রতিমা।

প্রতিপজ্ । জ। স্ত্রী । বুদ্ধি ।

প্রতিপৎ । ৎ। স্ত্রী । প্রথমাতিথি। বুদ্ধি।

প্রতিপন্নঃ । অ। ত্রি । অবগত ।

প্রতিপাদনং । অ। ক্লী । দান।

প্রতিভয়ং । অ। ক্লী । ভয়ানক।

প্রতিভান্বিতঃ । অ। ত্রি । দীপ্তিসদৃশ দীপ্তিযুক্ত।

প্রতিভূঃ । উ। পুং । প্রত্যয়ার্থবোধ ।

প্রতিমা । আ। স্ত্রী । মূর্ত্তিকাদিরমূর্ত্তি ।

প্রতিমাতনা । আ। স্ত্রী । মৃত্তিকাদি প্রতিমা।

প্রতিমানং । অ । ক্লী । মৃত্তিকাদিপ্রতিমা। হস্তি কুম্ভের অধর অধস্থান।

প্রতিমুক্তিঃ । ই। ত্রি । পরিহিতঅভরণাদি ।

প্রতিযত্নঃ । অ। পুং । বাঞ্ছা। গুণান্তরগ্রহণ ।

প্রতিবন্ধঃ । অ। পুং । কার্য্যাদির বিপদ ।

প্রতিবাক্যং । অ। ক্লী । উত্তর ।

প্রতিবাতনং । অ। ক্লী । প্রাণবায়ুধ্বংসকারী।

প্রতিবিম্বং । অ। ক্লী । মূর্ত্তিকাদিপ্রতিমা। সদৃশ।

প্রতিবিষা । আ। স্ত্রী । আতইচবৃক্ষ।

প্রতিবোধী । ন । পুং । চোর ।

প্রতিশ্যায়ঃ । অ । পুং । পিনাসরোগ ।

প্রতিশ্রয়ঃ । অ । পুং । সভা । স্থান । মন্দির ।

প্রতিশ্রবঃ । অ । পুং । অঙ্গীকার ।

প্রতিশ্রুৎ । দ । স্ত্রী । প্রতিধ্বনি ।

প্রতিশাসনং । অ । ক্লী । ভৃত্যাদিকে আহ্বানকরিয়া কর্ম্মেপ্রেরণকরা ।

প্রতিষ্টম্ভঃ । অ । পুং । প্রতিবন্ধ ।

প্রতিসরঃ । অ । পুং ক্লী । সেনারপশ্চাৎভাগ । বিবাহাদিতে মঙ্গলার্থ হস্তেসূত্রবন্ধন ।

প্রতিসীরা । আ । স্ত্রী । কাণ্ডার ।

প্রতিক্ষা । আ । ত্রি । পূজ্য ।

প্রতিক্ষিপ্তঃ । অ । পুং । আক্ষেপ । প্রেরিত ।

প্রতীকঃ । অ । পুং । একদেশ । শরীরের অবয়ব । ত্রি । বৈরতা ।

প্রতীচী । ঈ । স্ত্রী । পশ্চিমদিক ।

প্রতীনঃ । অ । ত্রি । খ্যাত্যাগম । হৃষ্ট ।

প্রতীপদর্শিনী । ঈ । স্ত্রী । স্ত্রী ।

প্রতীরং । অ । ক্লী । তট ।

প্রধান

প্রতীহারঃ । অ। পুং । দ্বার। দ্বারি ।

প্রতীহারী । ঈ। স্ত্রী । সংমুখদ্বারেরদ্বারি।

প্রতীহাসঃ । অ। পুং । করবীরবৃক্ষ।

প্রতোলী । ঈ। স্ত্রী । দরজা।

প্রথমঃ । অ। ত্রি । আদ্য। প্রধান।

প্রথা । আ। স্ত্রী । খ্যাতি।

প্রথিতঃ । অ। ত্রি । খ্যাত্যাপন্ন।

প্রথুরোমা । ন। পুং । মৎস্য।

প্রদ্যুম্নঃ । অ। পুং । মদন।

প্রদরঃ । অ। পুং । তরঙ্গ। স্ত্রীলোকেররোগ বিশেষ। বাণ।

প্রদ্রাবঃ । অ। পুং । পলায়ন।

প্রদাকুঃ । উ। পুং । সামান্যসর্প ।

প্রদীপঃ । অ। পুং । দীপ।

প্রদীপণঃ । অ। পুং । বিষবিশেষ।

প্রদেশিনী । ঈ। স্ত্রী । তর্জ্জনী অঙ্গুলি।

প্রদোষঃ । অ। পুং । সূর্য্যঅস্তেরপরচারিদণ্ড।

প্রধনং । অ। ক্লী । যুদ্ধ।

প্রধানঃ । অ। ত্রি । পরমাত্মা। বুদ্ধি। প্রকৃতি।

প্রভাত

প্রধানমন্ত্রী। উত্তম।

প্রধিঃ । ই। পুং । চক্রের অগ্রভাগ।

প্রপঞ্চঃ । অ। পুং । বিপরিত । বিস্তর।

প্রতারণা। সঞ্চয়।

প্রপদং । অ। ক্লী । পায়ের অগ্রভাগ।

প্রপন্নাডঃ । অ। পুং । দাদিমর্দনবৃক্ষ।

প্রপা । আ। স্ত্রী । জলছত্রের গৃহ।

প্রপাতঃ । অ। পুং । পর্ব্বতে উচ্চদেশ।

পরপিণ্ডাদঃ । অ। পুং । পরান্ন উপজীবী।

প্রপিতামহঃ । অ। পুং । পিতামহের পিতা।

প্রপৌণ্ডরীকং । অ। ক্লী । পদ্মকাষ্ঠ।

প্রফুল্লঃ । অ। পুং । প্রস্ফুটিত ।

প্রভঞ্জনঃ । অ। পুং । বায়ু ।

প্রভ্রষ্টকং । অ। ক্লী । চূড়া হইতে লোলিতমালা।

প্রভবঃ । অ। পুং । পিত্রাদি । পরাক্রম।

প্রথমজ্ঞানস্থান।

প্রভা । আ। স্ত্রী । দীপ্তি।

প্রভাকরঃ । অ। পুং । সূর্য্য।

প্রভাতং । অ। ক্লী । প্রাতঃকাল।

প্রভাবঃ । অ । পুং । প্রতাপ।

প্রভিন্নঃ । অ । । পুং । ক্ষেরিতমদহস্তী।

প্রভুঃ । উ । ত্রি । স্বামী ।

প্রভূতঃ । অ । ত্রি অধিক।

প্রভৃৎ । ৎ । পুং । কাক ।

প্রভৃতঃ । অ । পুং । কোকিলপক্ষী।

প্রমণাঃ । স । ত্রি । আহ্লাদিত।

প্রমথঃ । আ । পুং । মহাদেবেরপারিষদ।

প্রমথনং । অ । ক্লী । মারণ।

প্রমথাধিপঃ । অ । পুং । মহাদেব।

প্রমদঃ । অ । পুং । হর্ষ।

প্রমদবনং । অ । ক্লী । রাজাদিরবেহারনিমিত্তবন।

প্রমদা । আ । স্ত্রী । হর্ষযুক্তাস্ত্রী।

প্রমদাবনং । অ । ক্লী । রাজদিরবেহারনিমিত্তবন।

পরম্পরাকং । অ । ক্লী যাগার্থপশুহনন।

প্রমা । আ । স্ত্রী । সত্যেরঅনুভব ।

প্রমাণং । অ । ক্লী । কারণ। মর্য্যাদা। শাস্ত্র। অবধারণ।

প্রমাতামহঃ । অ । পুং । মাতারপিতামহ ।

প্রমাদঃ । অ । পুং । অনবধান ।

প্রমান্নং । অ । ক্লী । পায়স ।

প্রমাপণং । অ । ক্লী । মারণ ।

প্রমিতিঃ । ই । স্ত্রী । সত্যের অনুভব ।

প্রমিলা । আ । স্ত্রী । তন্দ্রা ।

প্রমীতঃ । অ । ত্রি । মৃতব্যক্তি । যাগার্থ মারিত পশুআদি ।

প্রমুখঃ । অ । ত্রি । প্রধান ।

প্রমুদিতঃ । অ । ত্রি । আহ্লাদিত ।

পরমেষ্ঠী । ন । পুং । ব্রহ্মা ।

প্রমোদঃ । অ । পুং । হর্ষ ।

প্রয়তঃ । অ । পুং । শুচী ।

পর্য্যঙ্কঃ । অ । পুং । খাট্ ।

পর্য্যটনং । অ । ক্লী । ভিক্ষার্থভ্রমণ ।

পর্য্যদঞ্চনং । অ । ক্লী । খন ।

পর্য্যন্যঃ । অ । পুং । শব্দযুক্তমেঘ । ইন্দ্র ।

পর্য্যয়ঃ । অ । পুং । অতিক্রম অর্থাৎ লঙ্ঘন ।

পর্য্যবস্থা । আ । স্ত্রী । বিরোধ ।

প্রযামঃ । অ । পুং । মাহার্ঘ ।

পর্য্যাপ্তং । অ । ক্লী । তৃপ্তি । শক্তি । নিবারণ ।

প্রব্যক্ত

স্বচ্ছন্দপ্রবৃত্তি।

পর্য্যাপ্তিঃ। ই। স্ত্রী। মারণউদ্যতকেনিষেধ।

পর্য্যায়ঃ। অ। পুং। অবসর। প্রকার। যথাক্রম।

পর্য্যেষণা। আ। স্ত্রী। অনুসৃতা।

প্রয়োক্তা। ঋ। পুং। ঋণদাতা।

প্রয়োগার্থঃ। অ। পুং। যুদ্ধার্থ বিক্রম।

প্রলম্বঘ্নঃ। উ। পুং। বলরাম।

প্রলয়ঃ। অ। পুং। শোকাদিদ্বারা চেষ্টাশূন্য।

প্রাণেমরণ। সৃষ্টিনাশ।

প্রলাপঃ। অ। পুং। অনর্থকবাক্য।

প্রবনং। অ। ত্রি। নিচ্চভূমি। নম্র। চত্বষ্পথ। আয়ত্ত।

প্রবন্ধকল্পনা। আ। স্ত্রী। কাদম্বরী আদিপ্রণীতগ্রন্থ।

পর্ব্ব। ন। ক্লী। গাঁঠী। অষ্টমী। ১। অমাবস্যা। ২।

পূর্ণিমা। ৩। চতুর্দশী। ৪। সংক্রান্তি। ৫।

উৎসব। প্রস্তাব।

পর্ব্বতঃ। অ। পুং। শিখরী।

পর্ব্বসন্ধিঃ। ই। পুং। প্রতিপৎ পূর্ণিমা এবং

আমাবস্যারমধ্য।

প্রব্যক্তং। অ। ত্রি। স্পষ্ট।

প্রবয়াঃ । স । পুং । বৃদ্ধ অর্থাৎ ৭০ বৎসরাবধি ।
প্রবল্লিকা । আ । স্ত্রী । স্বরূপার্থ গোপন অন্যার্থ প্রকাশ অর্থাৎ হেঁয়ালি ।
প্রবহঃ । অ । পুং । গ্রামাদির বাহিরগমন ।
প্রবর্হঃ । অ । ত্রি । প্রধান ।
প্রবহণং । অ । ক্লী । স্ত্রীলোকের গমনার্থক্ষুদ্রপথ ।
পরবান্ । ত । ত্রিং । পরাধীন ।
পরবারণঃ । অ । ত্রি । কামনাপূর্ব্বকদান । মহাদান ।
প্রবালঃ । অ । পুং ক্লী । বীণারশব্দ । পলা ।
প্রবাসনং । অ । ক্লী । প্রাণেমারণ ।
প্রবাহঃ । অ । পুং । ধারাবছিন্ন । বেগ ।
প্রবাহিকা । আ । স্ত্রী । গ্রহণীরোগ ।
প্রবিদারণং । অ । ক্লী । যুদ্ধ ।
প্রবীণং । অ । ত্রি । নিপুন ।
প্রবৃত্তিঃ । ই । স্ত্রী । ধারারছিন্ন । ইচ্ছা ।
প্রবৃত্তী । ঈ । স্ত্রী । জিজ্ঞাসাকরা ।
প্রবৃদ্ধং । অ । ত্রি । অতিবৃদ্ধ ।
প্রবেকঃ । অ । ত্রি । প্রধান ।
পরেবেণিঃ । ই । স্ত্রী । চলের বিউণি ।

প্রবেণী । ঈ। স্ত্রী । ঘোটকাদির আস্তরণার্থ চিত্রকম্বল।

প্রবেষ্টঃ । অ। পুং । বাহু ।

প্রবোধনং । অ। ক্লী । অল্পঅনুভবযুক্তগন্ধেরস্মারাদি দ্বারাপ্রকাশকরা।

পরঃশতং । অ। ক্লী । একশতের অধিকসঙ্খ্যা।

পরশ্বধঃ । অ। পুং । কুড়ালি ।

প্রশ্নঃ । অ। পুং । অনুযোগ। জিজ্ঞাসা।

প্রস্রবণং । অ। ক্লী পর্ব্বতেরস্থানবিশেষ।

প্রশ্রয়ঃ । অ। পুং । প্রণয়।

প্রশ্রিতঃ । অ। ত্রি । বিনয়বিশিষ্ট ।

প্রশস্তং । অ। ত্রি । উত্তম।

পরশুঃ । উ। পুং । কুড়ালি ।

পর্শুকা । আ। স্ত্রী । পার্শ্বেরঅস্থি অর্থাৎ পাঁজরা।

প্রশূনঃ । অ। ত্রি । পরস্পরভেদকর্ত্তা ।

প্রষ্ঠঃ । অ। ত্রি । অগ্রগামী।

প্রষ্টা । ঋ। পুং । রোগবিশেষ।

প্রষ্ঠী । ঈ। স্ত্রী । পুঁটীমৎস্য ।

পর্ষৎ । ৎ। স্ত্রী । সভা ।

প্রষদশ্বঃ । অ। পুং । বায়ু।

প্রস্তরঃ । অ। পুং । পাষাণ।
প্রস্তারঃ । অ। পুং । অবসর।
প্রস্থঃ । অ। পুং । চূর্ণদ্রব্য। পর্ব্বতের সমানস্থান। ষোলতোলাপরিমাণ। অলপত্রতুলসী।
প্রস্থানং । অ। ক্লী । গমন।
প্রসন্ন । অ। ত্রি । নির্ম্মল।
প্রসন্নতা । আ। স্ত্রী । চন্দ্রের নির্ম্মল্য।
প্রসন্না । আ। স্ত্রী । মদ্য।
প্রস্ফোটনং । অ। ক্লী । কুলা।
প্রসভঃ । অ। পুং ক্লী । যুদ্ধেবলদ্বারা আকর্ষণ।
প্রসরঃ । অ। পুং । ক্ষুদ্রবৃক্ষাদিরবৃদ্ধি।
প্রসরণং । অ। ক্লী । সৈন্যেরসর্ব্বব্যাপীগমন।
প্রস্রাবঃ । অ। পুং । মূত্র।
প্রসবঃ । অ। পুং । উৎপত্তি। ফল। পুত্র। গর্ব্ভ হইতে নির্গত।
প্রসব্যং । অ। ত্রি । প্রতিকূল। অনুকূল।
প্রসববন্ধনং । অ। ক্লী । বোঁটা।
প্রসাদঃ । অ। পুং । অনুগ্রহ। বাক্য। চন্দ্রেরনির্ম্মল্য।
প্রসাধনং । অ। ক্লী । বেশভূষা।

প্রসাধনী । ঈ। স্ত্রী । চিরুণী কাঁকুই ইতি খ্যাতি ।
প্রসাধিতঃ । অ। পুং । বেশকর্ত্তা। বেশযুক্ত।
প্রসারিণী । ঈ। স্ত্রী । গন্ধভাদুলীবৃক্ষ।
প্রসিতঃ । অ। ত্রি । তৎপর।
প্রসিতিঃ । ই। স্ত্রী । বন্ধন।
প্রসিদ্ধঃ । অ। ত্রি । বদিত। ভূষিত।
প্রসূঃ । ঊ। স্ত্রী । মাতা। অশ্ব।
প্রসূতা । আ। স্ত্রী । অচির প্রসব হইয়াছে যেস্ত্রী।
প্রসূতী । ই। স্ত্রী । প্রসব।
প্রসূতিকা । আ। স্ত্রী । অচির প্রসব হইয়াছে যেস্ত্রী।
প্রসূতিজং । অ। ক্লী । পীড়া।
প্রসূনং । অ। ক্লী । পুষ্প। ফল।
প্রসৃতঃ । অ। পুং । গণ্ডূষ।
প্রসৃতা । আ। স্ত্রী । পায়েরগোচ।
প্রসেবঃ । অ। পুং । ছালা।
প্রসেবকঃ । অ। পুং । বীণারবক্রকাষ্ঠ।
প্রহরঃ । অ। পুং । দিবা কিম্বা রাত্রের চারিঅংশ।
প্রহরণং । অ। ক্লী । অস্ত্র।
প্রহস্তঃ । অ। ত্রি । উত্তমপাককরামাংসাদি। চড়।

প্রহিঃ । ই। পুং । কূপ।

প্রহ্নং । অ। ত্রি । আহ্লাদিত।

প্রহৃতং । অ। ত্রি । স্তব।

প্রহেলিকা । আ। স্ত্রী । স্বরূপার্থ গোপন অন্যার্থ প্রকাশ অর্থাৎ হেঁয়ালী।

প্রক্ষণং । অ। ক্লী । যাগার্থ পশুহনন।

প্রক্ষা । আ। স্ত্রী । ধিষণ।

প্রক্ষিতঃ । অ। ত্রি । যাগার্থ মারিত পশু আদি।

প্রক্ষেডনঃ । অ। পুং । লৌহময় বাণ বিশেষ।

পরাক্রমঃ । অ। পুং । শক্তি। বিক্রম। উদ্যোগ।

প্রাকাম্যং । অ। ক্লী । মহাদেবের ঐশ্বর্য্য।

প্রাকারঃ । অ। পুং । প্রাচীরের পানা।

প্রাকৃতঃ । অ। পুং । নীচ।

পরাগঃ । অ। পুং । পুষ্পের রেণু। ধূলি। স্নানাদি কারণ গন্ধদ্রব্যাদি চূর্ণ।

প্রাগ্যঃ । অ। ত্রি । প্রধান।

প্রাগ্রহরঃ অ। ত্রি । প্রধান।

প্রাগ্বংশঃ । অ। পুং । যাগার্থ ঘৃত ও সদস্যাদি থাকিবার কারণ পূর্ব্বদিকের গৃহ।

প্রাণ

প্রাবারঃ । অ। পুং । ঘৃতাদিরক্ষণ।

পরাঙ্মুখঃ । অ। ত্রি । বিমুখ।

প্রাচ্যঃ । অ। পুং। জম্বুদ্বীপে শরাবতী নদীরঈশান কোণহইতেনৈঋতকোণেগিয়াছেতাহারপূর্ব্বদক্ষিণ।

পরাচিতঃ । অ। পুং । পরান্নাদিদ্বারাবর্দ্ধিত।

প্রাচী । ঈ। স্ত্রী । পূর্ব্বদিক্।

পরাচীনঃ । অ। ত্রি। বিমুখ।

প্রাচীনা । আ। স্ত্রী । বৃক্ষবিশেষ।

প্রাচীনাবীতং । অ। ক্লী। স্বভাবিক যজ্ঞ সূত্রধারণ।

প্রাচীরং । অ। ক্লী । পাঁচিল।

প্রাজ্ঞঃ । অ। পুং । পণ্ডিত।

প্রাজ্ঞা । আ। স্ত্রী । বুদ্ধিমতীস্ত্রী।

প্রাজ্ঞী । ঈ। স্ত্রী । পণ্ডিতাস্ত্রী।

পরাজয়ঃ । অ। পুং । যুদ্ধেভগ্ন।

পরাজিতঃ । অ। পুং । যুদ্ধে হারিয়াছে যেব্যক্তি।

প্রাজিতা । ঋ। পুং । সারথি।

প্রাড্বিবাকঃ । অ। পুং । লৌকিকব্যবহারঋণাদি জন্যবিবাদেরবিচারকর্ত্তা ভাষান্তরেজজইতিখ্যাত।

প্রাণঃ । অ। পুং । জীবন। শক্তি। গন্ধ। রস।

গ্রশ্রিত
শরীরেরবায়ু।
প্রাণদ্যূতং । অ । ক্লী । পণকরিয়া মেষাদি
যোধনাদিক্রীড়া।
প্রাণা । আ । পুং । পঞ্চভূতাত্মা । বহুবচনান্ত।
প্রাণী । ন । পুং । জীব ।
প্রাতিহারকঃ । অ । । বাজিকর।
প্রাথমকল্পিকঃ । অ । পুং । প্রথম দেব অধ্যায়নকর্ত্তা।
প্রাদুঃ । র । অ । প্রকাশ।
প্রাদেশঃ । অ । পুং । বৃদ্ধাঙ্গুলী আর তর্জ্জনী
বিস্তারেতে যে পরিমাণ হয়।
প্রাদেশনং । অ । ক্লী । দান।
পরাধীনঃ । অ । ত্রি । পরের অধীন।
প্রান্তর । অ । ক্লী । দূর এবং শূন্যপথ।
প্রান্ততোবৃত্তিঃ । ই । ত্রি । প্রাচীর।
পরান্নং । অ । ত্রি । পরান্নজীবী অর্থাৎ বালাম্যা।
প্রাপ্তং । অ । ত্রি । লাভ।
প্রাপ্তপঞ্চত্যং । অ । ত্রি । মৃতব্যক্তি।
প্রাপ্তরূপঃ । অ । ত্রি । পণ্ডিত।
প্রাপ্তিঃ । ই । স্ত্রী । বাঞ্ছিতলাভ । লোভ ।

প্রাসঙ্গ
শিবের ঐশ্বর্য্য।
প্রাপ্যঃ। অ। ত্রি। প্রাপ্তিতেশক্ত অর্থাৎ পাওয়াযায়।
প্রাভূতঃ। অ। পুং। যুদ্ধে বিমুখব্যক্তি।
প্রাভৃতং। অ। ক্লী। ভেটীয়দ্রব্য।
প্রায়ঃ। অ। পু। বাহুল্য। অনাহারব্রত। তুল্য।
পরায়ণং। অ। ক্লী। তদগদচিত্ত।
প্রার্থিতঃ। অ। ত্রি। যাচিত।
পরার্দ্ধঃ। অ। ত্রি। প্রধান। সঙ্খ্যাবিশেষ।
প্রালম্বং। অ। ক্লী। সূক্ষ্মলম্বমানমালা।
প্রালম্বিকা। আ। স্ত্রী। লম্বাস্বর্ণেরকণ্ঠভূষা।
প্রালেয়ং। অ। ক্লী। হিম।
প্রাবারঃ। অ। পুং। উত্তরীয়বস্ত্র।
প্রাবিট্। ট। স্ত্রী। বর্ষা।
প্রাবিতঃ। অ। ত্রি। উড়নীআদি বস্ত্র।
প্রাবিষাযণী। ঈ। স্ত্রী। আলকুশীবৃক্ষ।
প্রাংশুঃ। উ। পুং। উচ্চ।
প্রাসঃ। অ। পুং। অস্ত্রবিশেষ।
পরাস্কন্দিঃ। ই। পুং। চোর।
প্রাসঙ্গঃ। অ। পুং। দোঁয়ানের নিমিত্ত গলদেশে

দীর্ঘকাষ্ঠ বন্ধন করে যে গরু আদিরা।

প্রাস্থিকিকঃ । অ। ত্রি । প্রস্থপরিমিতবীজ রোপণ হয় যে ভূমিতে।

পরাসনং । অ। ক্লী । প্রাণবায়ুধ্বংসকরা।

প্রাসাদঃ । অ। পুং । রাজা এবং দেবতারগৃহ।

প্রাসিকঃ । অ। ত্রি । প্রাস অস্ত্রযুক্তব্যক্তি।

পরাসুঃ । উ। ত্রি । মৃতব্যক্তি।

পরিকর্ম্ম । ন। ক্লী । স্নানাদি দ্বারা অঙ্গসংস্কার।

পরিকরঃ । অ। পুং । খাট। আরম্ভ। সমূহ। ভার্য্যা।

পরিক্রমঃ । অ। পুং । ক্রীডারসঞ্চার।

পরিখা । আ। স্ত্রী । খানা অর্থাৎ গড।

পরিগ্রহঃ । অ। পুং । সৈন্যেরপৃষ্ঠভাগ। কলহ। মূল। স্বীকার। শপথ। পরিবার। পত্নী। চন্দ্র সূর্য্যের গ্রহণ।

পরিঘঃ । অ। পুং । লৌহগদা। অস্ত্র। যোগ বিশেষ। লৌহবদ্ধলাঠী।

পরিঘাতনং । অ। ক্লী । লৌহবদ্ধলাঠী।

পরিচয়ঃ । অ। পুং । জিজ্ঞাসাবাদ। যুদ্ধেতে পরের প্রহার হইতে রথরক্ষাকর্ত্তা।

পরিপা

পরিচর্য্যঃ । অ। পুং । যজ্ঞের অগ্নি ।

পরিচর্য্যা । আ। স্ত্রী । গুরু আদির আরাধনা।

পরিনতঃ । অ। ত্রি । সর্ব্বপ্রকারেনত।

পরিণয়ঃ । অ। পুং । বিবাহ।

পরিতথ্যা। আ। স্ত্রী। চুলের স্বর্ণের পুঁট্যা ও ঝাঁপা।

পরিণায়ঃ । অ। পুং । পাশ্ঠির চক্ষু।

পরিত্রক° । অ। ক্লী । শনের জাল।

পরিত্রাণং । অ। ক্লী । মারণ উদ্যতরে নিষেধ।

পরিদেবনং । অ। ক্লী । খেদ।

পরিধানং । অ। ক্লী । পরিধেয় বস্ত্র।

পরিধিস্থঃ। অ। পুং । যুদ্ধেতে পরের প্রহার হইতে রথরক্ষাকর্ত্তা।

পরিধিঃ। ই। পুং। সূর্য্যমণ্ডল। যজ্ঞীয়বৃক্ষ। শাখা।

পরিনামঃ । অ। পুং । বিকারং।

পরিনাহঃ । অ। পুং । বস্ত্রের ওষার।

পরিপণং । অ। ক্লী । মূলধন অর্থাৎ পুঁজী।

পরিপন্থী। ন। পুং। শত্রু।

পরিপল্লবং । অ। ত্রি । গমনকর্ত্তা।

পরিপাটী । ই। স্ত্রী । যথাক্রম।

পরিপেলবং । অ। ক্লী । নাগরমুথা।

পরিভবঃ । অ। পুং । অনাদর। হারা।

পরিভাবঃ । অ। পুং । অনাদর।

পরিভাষণং । অ। ক্লী । স্তুতিপূর্ব্বকনিন্দা।

পরিভূতং । অ। ত্রি । পরিভব অর্থাৎ হারা।

পরিমলঃ । অ। পুং । চন্দনাদিচূর্ণ । কুঙ্কুমাদিনানা গন্ধেদ্বারা পাত্রীয়সুগন্ধ ।

পরিরম্ভঃ । অ। পুং । আলিঙ্গন।

পরিবর্জনং । অ। ক্লী । প্রাণবায়ুধ্বংসকরা।

পরিব্রাট্ । জ। পুং । ভিক্ষুক।

পরিব্যাধঃ । অ। পুং । নির্গন্ধ স্বর্ণকারপুন্ন বিশেষেরবৃক্ষ।

পরিবর্হঃ । অ। পুং । পরিজন। রাজযোগ্যছত্রাদি।

পরিলাপিতঃ । অ। ত্রি । মস্তকমুণ্ডন।

পরিবাদনী । ঈ। স্ত্রী । সপ্ততন্ত্রীবীণা।

পরিবারঃ । অ। পুং । পরিজন। পরিধান।

পরিবিত্তিঃ । ই। পুং । পরিবেত্তারজ্যেষ্ঠ।

পরিবূঢ়ঃ । অ। পুং । স্বামী।

পরিবেত্তা । ঋ। পুং । জ্যেষ্ঠবিবাহনাকরিলে

পরিক্ষি

যে কনিষ্ঠ বিবাহকরে।

পরিবেশঃ }
পরিবেষঃ } ।অ। পুং ।সূর্য্যমণ্ডল।

পরিস্রুৎ ।ৎ। স্ত্রী ।মদ্য।

পরিস্রুতা ।আ। স্ত্রী ।মদ্য।

পরিশ্লেষঃ ।অ। পুং ।দুস্থ।

পরিষৎ ।ৎ। স্ত্রী ।সভা।

পরিষ্বঙ্গঃ ।অ। পুং ।আলিঙ্গন।

পরিস্কন্দঃ ।অ। পুং ।পরান্নেরদ্বারাবর্দ্ধিত। ভৃত্য।

পরিষ্কারঃ ।অ। পুং ।অলঙ্কার।

পরিস্ক্রিয়া ।আ। স্ত্রী ।সর্ব্বত্রভ্রমণ।

পরিষ্কৃতঃ ।অ। পুং ।ভূষণযুক্ত।

পরিস্তোমঃ ।অ। পুং ।ঘোটকাদির আস্তরনার্থ চিত্র কম্বল।

পরিস্পন্দঃ ।অ। পুং ।ফলাদিদ্বারারচনা।

পরিসরঃ ।অ। পুং ।গ্রামাদির নিকট ভূমি।

পরিসর্গঃ ।অ। পুং ।সর্ব্বত্রভ্রমণ।

পরিসর্য্যা ।আ। স্ত্রী ।সর্ব্বতোভাবেগমণ। প্রেরিত।

পরিক্ষিপ্তং ।অ। ত্রি।খাতাদিদ্বারাবেষ্টিত। আক্ষেপ।

পরীবর্ত্তঃ। অ। পুং। একদ্রব্যদিয়াঅন্যদ্রব্য লওয়া।
পরীবাদঃ। অ। পুং। নিন্দা।
পরীবাদনং। অ। ক্লী। পরীবর্ত্ত। হাপ্যধন অর্পণকরা।
পরীবাপঃ। অ। পুং। পরীধান। বীজরোপণ।
পরীবারঃ। অ। পুং। গমনশীল। খড়্গকোষ।
পরীবাহঃ। অ। পুং। জলবন্দকরিলে বৃদ্ধিহয়।
পরীরম্ভঃ। অ। পুং। আলিঙ্গন।
পরীষ্টিঃ। ই। স্ত্রী। অনুসৃতা।
পরীসারঃ। অ। পুং। প্রশস্ত।
পরীহাসঃ। অ। পুং। ক্রীড়া।
পরীক্ষকঃ। অ। ত্রি। পরীক্ষাকর্ত্তা।
পরুষঃ। অ। ত্রি। কর্কশবাক্য।
পরেতঃ। অ। ত্রি। মৃতব্যক্তি।
পরেতরাট্। অ। পুং। যম।
পরেষ্টুকা। আ। স্ত্রী। অনেকবৎসর প্রসবহওয়াগরু।
পরৈধিতঃ। অ। পুং। পরান্নদ্বারাবর্দ্ধিত। ভৃত্য।
পরোষ্ণী। ঈ। স্ত্রী। আরসুলাপোকা।
পলং। অ। ক্লী। আমিষ। ৪ তোলা।
পলগণ্ডঃ। অ। পুং। লেপনকারজাতিবিশেষ।

পলগণ্ডুঃ । উ। পুং । পেয়াজবৃক্ষ।

পলঙ্কঃ । অ। পুং । খাট।

পলঙ্কষঃ । অ। পুং । পলাশবৃক্ষ।

পলঙ্কষা । আ। স্ত্রী। গোক্ষুরীবৃক্ষ।

প্লবং । অ। ক্লী। নাগরমুথা। পুং। ভেলা। ব্যাঙ্গ। পক্ষীবিশেষ। পত্রবিশিষ্টশাখা। চণ্ডাল।

প্লবগঃ । অ। পুং । বানর। ভেক। সূর্য্যকিরণ।

প্লবঙ্গঃ । অ। পুং । বানর।

প্লবঙ্গমঃ । অ। পুং । বানর। ভেক।

পললং । অ। ক্লী । মাংস।

পল্বলং । অ। ক্লী । ক্ষুদ্রতড়াগ।

প্লক্ষঃ । অ। পুং । পাকুড়বৃক্ষ। গান্ধালিবৃক্ষ।

পলালঃ । অ। পুং । ধান্যাদিরপল।

পলাশং । অ। ক্লী । পাতা। স্বনামখ্যাতবৃক্ষ।

পলাসঃ । অ। পুং । শঠীবৃক্ষ।

পলিক্নী । ঈ। স্ত্রী । বুড়ী।

পলিতং । অ। ক্লী । বার্দ্ধক্যতে কেশাদির শুক্লত্ব।

প্লীহশত্রুঃ । উ। পুং । নাটাবৃক্ষ।

প্লীহা । ন। পুং । রোগবিশেষ।

পক্ষদ্বা

প্লুতং । অ । ক্লী । ঘোটকেরলম্ফদ্বারা শীঘ্রগতি ।

প্লুষ্টঃ । অ । ত্রি । দগ্ধ ।

পবঃ । অ । পুং । ধান্যাদিরতুষশূন্যকরা ।

পবনঃ । অ । পুং । বায়ু । ধান্যাদি তুষ শূন্যকরা ।

পবনাশনঃ । অ । ক্লী । অজাগরসর্প ।

পবমানঃ । স । ক্লী । বায়ু ।

পবিঃ । উ । পুং । বজ্র ।

পবিত্রঃ । অ । ত্রি । শুচী । ক্লী । কুশা ।

পশ্চাৎ । ৎ । অ । পশ্চিমদিক । শেষ ।

পশ্চাত্তাপঃ । অ । পুং । কর্ম্মকরিয়া শোককরা ।

পশ্চিমঃ । অ । ত্রি । অন্ত । দিকবিশেষ ।

পশুজাতিঃ । অ । পুং । মৃগাদিপশুমাত্র ।

পশুপতিঃ । ই । পুং । মহাদেব ।

প্লাতং । অ । ক্লী । ভক্ষ ।

পক্ষঃ । অ । পুং । বাণবিশেষ । পালক । সহায় ।

নাসার্দ্ধ । পিম্ব । গৃহ । প্রবোধ । রজ্জু ।

পক্ষকং । অ । ক্লী । খিড়কিদ্বার ।

পক্ষতিঃ । অ । স্ত্রী । প্রতিপৎ । পালকেরমূল ।

পক্ষদ্বারং । অ । ক্লী । খিড়কিদ্বার ।

পক্ষভাগঃ । অ। পুং । হস্তিরপার্শ্ব।
পক্ষ্ম। ন। ক্লী। চক্ষুর পাতারলোম। কেশর। সূক্ষ্মসূত্র।
পক্ষমূলং। অ। ক্লী। পালকেরমূল।
পক্ষিণী । ই। স্ত্রী । বর্ত্তমান দিবারাত্রি আর
আগত দিবা।
পক্ষী । ন। পুং । পাখী।
পাকঃ । অ। পুং । রন্ধন। বাপক।
পাক্যঃ । অ। পুং । যবক্ষার। ক্লী। লবণভূমি।
পাকলং । অ। ক্লী । কুড়বৃক্ষ।
পাকশাসনঃ । অ। পুং । ইন্দ্র।
পাকশাসনিঃ । ই। ইন্দ্রেরপুত্র।
পাকস্থানং। অ। ক্লী । রন্ধনশালা।
পাচকঃ । অ। পুং। পাককর্ত্তা।
পাঞ্চজন্যঃ । অ। পুং । নারায়ণেরশঙ্খ।
পাঞ্চালিকা। আ। স্ত্রী। পুত্তলিকা পুতুল ইতিখ্যাতা।
পাঞ্চালী । ঈ। স্ত্রী । পুতুল। দ্রৌপদী।
পাটচ্চরঃ । অ। পুং । চোর।
পাটলঃ। অ। ত্রি। শ্বেতবর্ণ মিশ্রিতবর্ণ। আশুধান্য।
পাটলা । আ। স্ত্রী । পারুলবৃক্ষ।

পাটলিঃ । ই। স্ত্রী । পারুলবৃক্ষ।

পাঠঃ । অ। পুং । অধ্যায়ন অর্থাৎ পড়া।

পাঠা । আ। স্ত্রী । বৃক্ষবিশেষ।

পাঠী । ন। পুং । রাঙ্গচিত্রাবৃক্ষ।

পাঠীনঃ । অ। পুং । বোয়ালিমৎস্য।

পাণ্ডরঃ । অ। ত্রি । শ্বেতবর্ণ।

পাণ্ডুঃ । উ। ত্রি । রক্তপীতবর্ণ। শ্বেতপীতবর্ণ।

পাণ্ডুকম্বলী । ন। ত্রি । পাণ্ডুবর্ণ কম্বলে আছাদিতরথ।

পাণ্ডুরঃ । অ। ত্রি । রক্তপীতবর্ণ। শ্বেতপীতবর্ণ।

পাণিঃ । ই। পুং । হস্ত হাত ইতি খ্যাত।

পাণিগৃহীতী । ঈ। স্ত্রী । বিবাহিতাস্ত্রী।

পাণিঘঃ । অ। পুং । মৃদঙ্গাদি ব্যতিরেক হস্তাদি দ্বারা মৃদঙ্গাদি বাদ্যকর।

পাণিপীড়নং । অ। ক্লী । বিবাহ।

পাণিবাদঃ । অ। পুং । পাণিঘ।

পাত্রং । অ। ক্লী । যজ্ঞের কাষ্ঠেরপাত্র চমসাদি। জলপ্রবাহ। যোগ্য। আধার। রাজমন্ত্রী।

পাত্রঙ্গং । অ। ক্লী । রক্তসার দ্রব্য বিশেষ।

পাতালং । অ। ক্লী । নাগলোক। গর্ত্ত। বাড়বানল।